ধনুষ্টংকার, ডিপথেরিয়া হুপিংকাশি (টি.ডিএপি)

প্রতিষেধক

আপনার যা জানা দরকার

১ প্রতিষেধক গ্রহণ করা কেন দরকার?

টি.ডিএপি ধনুষ্টংকার, ডিপথেরিয়া, হুপিংকাশির প্রতিষেধক কিশোর-কিশোরী এবং প্রাপ্ত বয়স্কদেরকে তিনটি গুরুতর রোগের হাত থেকে সুরক্ষা দিতে পারে।

ধনুষ্টংকার, ডিপথেরিয়া, হুপিংকাশি সবই ব্যাক্টেরিয়া দ্বারা ঘটে। ডিপথেরিয়া এবং হুপিংকাশি মানুষ থেকে মানুষে ছড়ায়। কাটা, ছেড়া অথবা জখমের মধ্য দিয়ে শরীরে প্রবেশ করে।

ধনুষ্টংকার সাধারণত বেদনাদায়ক ভাবে সারা শরীরের পেশিকে শক্ত করে ফেলে।

- *এর ফলে* চোয়াল আড়ষ্ট হয়ে যেতে পারে, ফলে আক্রান্ত ব্যক্তি তার মুখ খুলতে পারে না বা গিলতে পারে না। প্রতি ১০ টি ঘটনার ২ টি তে মৃত্যু হয়।

ডিপথেরিয়া গলার পেছনে পুরু আস্তরণের সৃষ্টি করে।

- *এর ফলে* শ্বাস-প্রশ্বাসের সমস্যা, প্যারালাইসিস, হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়া এবং মৃত্যু ঘটতে পারে।

হুপিংকাশি ব্যাপক কাশি, বমি এবং নিদ্রার ব্যাঘাত ঘটায়।

- *এর ফলে* ওজন হ্রাস পেতে পারে, নিয়ন্ত্রণহীনতা ঘটতে পারে, পাজরের হাড় 'ফ্র্যাকচার' হতে পারে, তীব্র কাশি, নিউমোনিয়া থেকে মৃত্যু হতে পারে এবং জটিলতার কারণে হসপিটালে ভর্তি হওয়া লাগতে পারে।

  ২০০৪-এ যুক্তরাষ্ট্রে ২৫,০০০-এর বেশি হুপিংকাশিতে আক্রান্ত হন। এদের মধ্যে ৮০০০-এর বেশি হয়েছে কিশোর-কিশোরী এবং ৭০০০-এর বেশি প্রাপ্ত বয়স্ক। কিশোর-কিশোরীদের মধ্যে প্রতি ১০০ জনের মধ্যে ২ জন পর্যন্ত এবং প্রাপ্ত বয়স্কদের মধ্যে প্রতি ১০০ জনের মধ্যে ৫ জন পর্যন্ত হসপিটালে ভর্তি হয় বা জটিলতার সম্মুখীন হয়।

২ টি.ডিএপি. এবং এ সংক্রান্ত প্রতিষেধক

কিশোর-কিশোরী এবং প্রাপ্ত-বয়স্কদের জন্য প্রতিষেধক

- *টি.ডিএপি.* ২০০৫ সনে লাইসেন্স লাভ করে। কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্কদের, সকল তিনটি রোগ থেকেই সুরক্ষার জন্য এটিই প্রথম প্রপিতষেধক।
- *টিডি* (ধনুষ্টংকার এবং ডিপথেরিয়া) প্রতিষেধক অনেক বছর ধরেই কিশোর-কিশোরী এবং প্রাপ্ত বয়স্কদের জন্য বুস্টার ডোজ হিশেবে ব্যবহৃত হয়ে আসছে। এর ভেতরে হুপিংকাশির প্রতিষেধক নেই।

৭ বছরের কম বয়েসি শিশুদের জন্য প্রতিষেধক

- *ডি.টি.এপি* প্রতিষেধক শিশুদেরকে এই তিনটি রোগ থেকে সুরক্ষার জন্য দেয়া হয়। এই প্রতিরোধ ক্ষমতা (ইমুউনিটি) সময়ের সাথে সাথে চলে যেতে পারে এবং কিশোর-কিশোরী ও প্রাপ্ত বয়স্কদের মধ্যে এই প্রতিরোধ ক্ষমতা সবল রাখতে অন্তর্বর্তী "বুস্টার" ডোজের প্রয়োজন হয়। (*ডি.টি.পি.* হচ্ছে ডি.টি.এপি.-এর পুরাতন সংস্করণ। (যুক্তরাষ্ট্রে এটি আর ব্যবহৃত হয় না।)
- *ডি.টি.* -এর মধ্যে ডিপথেরিয়া ও ধনুষ্টংকারের প্রতিষেধক রয়েছে। ৭ বছরের কম বয়সের শিশু, যাদের হুপিংকাশির প্রতিষেধক নেয়া উচিত নয়, তাদের জন্য এটি ব্যবহৃত হয়।

৩ টি.ডিএপি ভ্যাকসিন কখন এবং কাকে নিতে হবে?

১১ বছর থেকে ১৮ বছর বয়স পর্যন্ত কিশোর-কিশোরী টি.ডিএপি-র একটি বুস্টার ডোজ নেবে।

- টি.ডিএপি.-এর একটি ডোজ সেই-সকল *কিশোর-কিশোরীদের জন্য সুপারিশযোগ্য, যারা শিশু অবস্থায় ডি.টি.এপি. অথবা ডি.টি.পি. নিয়েছে, কিন্তু এখনও টি.ডি. ডোজ নেয়নি।* সুবিধাজনক বয়স হচ্ছে ১১-১২।
- হুপিংকাশি থেকে সুরক্ষার জন্য যে- *সকল কিশোর-কিশোরী ইতোমধ্যে একটি টি.ডি. বুস্টার ডোজ নিয়েছে,* তাদেরকে টি.ডিএপি ডোজও নেয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে। টি.ডি. এবং টি.ডিএপি.-এর মধ্যে কমপক্ষে ৫ পছর অপেক্ষা করতে উৎসাহিত করা হয়, তবে তা আবশ্যক নয়।
- *যে সকল কিশোর-কিশোরী শিশু অবস্থায় যথাসময়ে তাদের ডি.টি.এপি. বা ডি.টি.পি. ডোজ সম্পন্ন করেনি,* তারা টি.ডি এবং টি.ডিএপি ব্যবহার করে এই ধারাবাহিকতা সম্পন্ন করবে।

১৯ থেকে ৬৪ বছর বয়স পর্যন্ত প্রাপ্ত বয়স্করা টি.ডিএপি.-এর বদলে *একটি* টি.ডি. বুস্টার ডোজ গ্রহণ করবে। পরবর্তীতে বুস্টার ডোজের জন্য টি.ডি. ব্যবহার করতে হবে।

- *যেসব প্রাপ্ত বয়স্ক ১২ মাসের কম বয়েসি সন্তানের ঘনিষ্ট সংস্পর্শে আসবে বলে আশা করা যায়,* তাদেরকে ১ ডোজ টি.ডিএপি. নিতে হবে। সর্বশেষ টি.ডি. ডোজের পর থেকে কমপক্ষে ২ বছর অপেক্ষা করার মতামত দেয়া হয়,তবে আবশ্যিক নয়।
- *স্বাস্থ্য-পরিচর্যা কর্মী যারা* হসপিটালে বা ক্লিনিকে রোগীদের ***সরাসরি সংস্পর্শে আসেন,*** তাদেরকে এক ডোজ টি.ডিএপি. নিতে হবে। টি.ডি. নেয়ার সর্বশেষ সময় থেকে ২-বছরের বিরতির উপদেশ দেয়া হয়, তবে বাঞ্ছনীয় নয়।

একজন কিশোর-কিশোরী বা প্রাপ্ত বয়স্ক যিনি গুরুতর ভাবে অগ্নিদগ্ধ হয়েছেন, বা কোথাও গুরুতরভাবে কেটে গেছে, তার ধনুষ্টংকার সংক্রমণ থেকে সুরক্ষার প্রয়োজন হতে পারে। এই ব্যক্তি যদি আগে কোন ডোজ গ্রহণ না করে থাকেন তাহলে টি.ডিএপি. ব্যবহার করা যেতে পারে।

> যদি টি.ডিএপি. না পাওয়া যায়, সেক্ষেত্রে *টি.ডিএপি-র বদলে টি.ডি. ব্যবহার করাই উত্তম হবে,* এবং এদের জন্যঃ
>
> -যিনি ইতোমধ্যে টি.ডিএপি নিয়েছেন,
>
> -৬৫ বছর বা তার চেয়ে বেশি বয়েসি প্রাপ্ত-বয়স্ক ব্যাক্তি,
>
> -৭ থেকে ৯ বছর বয়সের শিশু।

গর্ভকালীন অবস্থায় ভ্যাকসিন নেয়ার প্রয়োজন হলে, সেক্ষেত্রে সাধারণত টি.ডিএপি.-র চেয়ে টি.ডি উত্তম। আপনার ডাক্তারকে জিজ্ঞাস করুন। *নতুন মা,* যারা কখনই টি.ডিএপি. ডোজ নেননি, ডেলিভারির পর পর,তাদের যত তাড়াতাড়ি সম্ভব এক ডোজ নেয়া উচিত।

অন্যান্য ভ্যাকসিনের সাথে একই সময় টি.ডি.এপি. দেয়া যাবে।

৪ যাদেরকে টি.ডিএপি. নেয়া থেকে বিরত থাকতে বা অপেক্ষা করতে হবে।

- যার এক ডোজ ডি.পি.টি, ডি.টি.এপি., ডি.টি., বা টি.ডি. নেয়ার পর *মৃত্যু-ঝুকিসম্পন্ন অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়েছে,* তার টি.ডিএপি. নেয়া যাবে না।
- যার প্রতিষেধকের কোন উপদানে *গুরুতর অ্যালার্জি* আছে, সে টি.ডিএপি. নেবে না। *প্রতিষেধক গ্রহণকারী কারো গুরুতর অ্যালার্জি আছে বলে জানলে* আপনার স্বাস্থ্য পরিচর্যা কর্মীকে জানিয়ে দিন।

প্রতিষেধক গ্রহণকারীর ***'ল্যাটেক্স'-এর প্রতি গুরুতর অ্যালার্জি থাকলে*** ডাক্তারের সাথে কথা বলুন। গুরুতর ল্যাটেক্স অ্যালার্জি থাকলে সে ধরনের লোককে কিছু কিছু টি.ডিএপি. প্রতিষেধক দেয়া যাবে না।

- ডি.টি.পি. বা ডি.টি.এপি. ডোজ নেয়ার পর *অচেতন* হয়ে পড়া অথবা *দীর্ঘকালীন খিচুনিতে* ভুগেছেন, এমন ব্যক্তিকে টি.ডিএপি. দেয়া যাবেনা, যদি না প্রতিষেধক ছাড়া অন্য কোন জানা কারণে এগুলো ঘটে থাকে।
- প্রতিষেধক গ্রহণকারী ব্যক্তির নিচের উপসর্গ থাকলে আপনার ডাক্তারের সাথে কথা বলুন:
  - *মৃগী রোগ (এপিলেপ্সি)* বা অন্য কোন *স্নায়বিক সমস্যা থাকলে,*

- অতীতে ধনুষ্টংকার, ডিপথেরিয়া বা হুপিংকাশির প্রতিষেধক সম্বলিত কোন প্রতিষেধক গ্রহণের ফলে শরীর *গুরুতরভাবে ফুলে উঠলে বা প্রচন্ড ব্যথা হলে*
- ‘*গিলিয়ান বারে সিনড্রোম* (জি.বি.এস.) হয়ে থাকলে।

প্রতিষেধক গ্রহণের দিন কারো *মাঝারি বা গুরুতর অসুস্থ*তা থাকলে তাকে প্রতিষেধক নেয়ার জন্য, সাধারণত তাকে সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে। তবে মৃদু অসুস্থতা বা অল্প জ্বর হলে সাধারণ ক্ষেত্রে প্রতিষেধক গ্রহণ করা যাবে।

৫ *টি.ডিএপি. প্রতিষেধকে কী কী ঝুঁকি আছে?*

যে কোন প্রতিষেধকে অন্য সব ওষুধের মতো গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার মতো মারাত্মক কোন সমস্যা দেখা দিতে পারে। তবে এক্ষেত্রে গুরুতর ক্ষতির বা মৃত্যুর ঝুঁকি খুব কম।

নতুন প্রতিষেধকের ক্ষেত্রে যদি কোন কদাচিৎ প্রতিক্রিয়া দেখা দেয়, সেটি অচিহ্নিত থেকে যায়, যে-পর্যন্ত না হাজার হাজার, এমনকি মিলিয়ন মিলিয়ন লোক ব্যবহার করেছে। সকল প্রতিষেধকের মতোই টি.ডিএপি. কোন অস্বাভাবিক বা গুরুতর সমস্যা সৃষ্টি করে কি না, তা খুব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।

ডাক্তারি পরীক্ষামূলক ব্যবহারে (লাইসেন্স প্রাপ্তির আগে প্রতিষেধক যাচাই) ৪২০০ কিশোর-কিশোরী এবং প্রায় ১৮০০ প্রাপ্তবয়স্ক জড়িত ছিল। এতে নিচে উল্লিখিত সমস্যাগুলো জানানো হয়। এই সমস্যাগুলো টি.ডি. ভ্যাকসিনের অনুরূপ।

মৃদু সমস্যা
(দেখা যায়, কিন্তু কর্মকান্ডকে বাধাগ্রস্থ করেনি)

- ব্যথা (প্রতি ৪ জন কিশোর-কিশোরীর প্রায় ৩ জন এবং প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে ৩ এর মধ্যে ২)।
- লালচে ভাব অথবা ফুলে উঠা (৫ জনের মধ্যে প্রায় ১ জন)
- মৃদু জ্বর, কমপক্ষে ১০০.৪ ডিগ্রি ফাঃ (কিশোর-কিশোরীদের ক্ষেত্রে প্রতি ২৫ জনের মধ্যে প্রায় ১ জন পর্যন্ত এবং ১০০ প্রাপ্ত বয়স্কদের মধ্যে ১ জন)
- মাথা ব্যথা (প্রতি ১০ জন কিশোর-কিশোরীদের মধ্যে প্রায় ৪ জন এবং ১০ জন প্রাপ্ত বয়স্কের মধ্যে ৩ জন)
- ক্লান্তি (প্রতি ৩ জন কিশোর-কিশোরীর মধ্যে প্রায় ১ জন এবং ৪ জন প্রাপ্তবয়স্কের মধ্যে ১ জন)
- মাথা ঘোরা, বমি-বমি, ডায়রিয়া, পেট ব্যথা (প্রতি ৪ জন কিশোর-কিশোরীর মধ্যে ১ জন পর্যন্ত এবং ১০ জন প্রাপ্তবয়স্কের মধ্যে ১ জন)
- অন্যান্য যে মৃদু সমস্যার কথা জানা গেছে তার মধ্যে রয়েছে শরীর ঠান্ডা হয়ে যাওয়া, শরীর ব্যথা করা, গিঁটায় গিঁটায় ব্যথা করা (জয়েন্ট সোর) ফুসকুড়ি এবং গ্রন্থি ফুলে যাওয়া।

মাঝারি সমস্যা
(কর্মকান্ডে বাধা সৃষ্টি করেছে, কিন্তু ডাক্তারি সাহায্যের প্রয়োজন হয়নি)

- ইনজেকশনের জায়গায় ব্যথা (প্রতি ২০ জন কিশোর-কিশোরীর মধ্যে প্রায় ১ জন এবং ১০০ প্রাপ্ত বয়স্কের মধ্যে ১ জন)
- লালচে ভাব বা ফুলে উঠা (প্রতি ১৬ জন কিশোর-কিশোরীর মধ্যে প্রায় ১ জন এবং ২৫ প্রাপ্ত বয়স্কের মধ্যে ১ জন)
- ১০২ ডিগ্রি ফাঃ-এর উপরে জ্বর (প্রতি ১০০ জন কিশোর-কিশোরীর মধ্যে প্রায় ১ জন এবং ২৫০ প্রাপ্ত বয়স্কের মধ্যে ১ জন)
- মাথা ঘোরা, বমি বমি ভাব, ডায়রিয়া, পেট ব্যথা (প্রতি ১০০ জন কিশোর-কিশোরীর মধ্যে প্রায় ৩ জন এবং ১০০ জন প্রাপ্ত বয়স্কের মধ্যে ১ জন)
- মাথা ব্যথা (প্রতি ৩০০ জনে ১ জন)

গুরুতর সমস্যা
(স্বাভাবিক কর্মকান্ডে আপারগ, ডাক্তারি সাহায্যের প্রয়োজন হয়েছে)

- কিশোর-কিশোরীদের মধ্যে দেখা যায় নাই
- প্রাপ্ত বয়স্কদের ডাক্তারি পরীক্ষার সময় ২ জন প্রাপ্ত বয়স্কের প্রতিষেধক গ্রহণের পর স্নায়ুযন্ত্রে সমস্যা দেখা দেয়। এগুলো ভ্যাকসিনের কারণে হতে পারে, নাও হতে পারে। এ সমস্যা আপনা আপনি চলে গেছে এবং এতে কোন স্থায়ী ক্ষতি হয়নি।

- অন্যসব প্রতিষেধকের মতো এ প্রতিষেধকে অ্যালার্জিক প্রতিক্রিয়া হতে পারে। কিন্তু সেটি ঘটার সম্ভবনা হচ্ছে এক মিলিয়ন ডোজে একবারেরও কম।

টি.ডিএপি. ভ্যাকসিন গ্রহণ করা ব্যক্তির তুলনায়, অপর একজন ব্যক্তি যিনি এই রোগে আক্রান্ত হবেন, তার ক্ষেত্রে গুরুতর জটিলতায় ভোগার সম্ভাবনা অনেক বেশি।

৬ *মারাত্মক প্রতিক্রিয়া হলে কী হবে?*

আমি কী করবো?

- যে কোন ধরনের অস্বাভাবিক অবস্থা, যেমন তীব্র জ্বর অথবা আচরণের পরিবর্তন। গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার মধ্যে থাকতে পারে শ্বাস-কষ্ট, গলা ভাঙ্গা স্বর, হাচি, লাল ফুসকুড়ি উঠা, ফ্যাকাসে ভাব, দ্রুত হৃৎস্পন্দন অথবা ঝিমুনি ভাব।

আমি কী করবো?

- ডাক্তার *ডাকুন*, অথবা আক্রান্ত ব্যক্তিকে সাথে সাথে ডাক্তারের কাছে নিয়ে যান
- কী, কবে এবং কখন ঘটেছে, এবং কখন ভ্যাকসিন নেয়া হয়েছিল তা ডাক্তারকে *বলুন*।
- আপনার ডাক্তার, নার্স অথবা হেলথ ডিপার্টমেন্টকে এই প্রতিক্রিয়া জানানোর জন্য ‘ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট, রিপোর্টিং সিস্টেম, ভি.এ.ই.আর.এস.’ ফর্ম পুরণ করতে *অনুরোধ করুন*।

  অথবা আপনি এই প্রতিবেদনটি ভি.এ.ই.আর.এস.-এর ওয়েবসাইট www.vaers.hhs.gov-এর মাধ্যমে, অথবা 1-800-822-7967 নম্বরে ফোন করে জানাতে পারেন।

  ‘ভি.এ.ই.আর.এস.’ কোন ডাক্তারি পরামর্শ দেয় না।

৭ *‘দি ন্যাশনাল ভ্যাকসিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম’*

যদি ঘটনাক্রমে, প্রতিষেধকের কারণে আপনি বা আপনার সন্তানের কোন গুরুতর প্রতিক্রিয়া হয়ে থাকে, ক্ষতিগ্রস্থদের পরিচর্যার খরচের জন্য সহায়তা দিতে একটি ফেডারেল কর্মসূচি তৈরি করা হয়েছে।

‘দি ন্যাশনাল ভ্যাকসিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম’ সম্পর্কে বিস্তারিত জানতে. ফোন করুন **1-800-338-2382** অথবা তাদের ওয়েবসাইট **www.hrsa.gov/vaccinecompensation** দেখুন।

৮ *আমি কী ভাবে আরো জানতে পারি?*

- আপনার প্রতিষেধকদাতাকে প্রশ্ন করুন। তারা আপনাকে প্রতিষেধকের প্যাকেটে-থাকা কাগজ দেখাতে পারবেন বা তথ্যের অন্যান্য উৎস সম্পর্কে ধারণা দিতে পারবেন।
- আপনার স্থানীয় বা স্টেট হেলথ ডিপার্টমেন্টে ফোন করুন।
- ‘সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সি.ডি.সি.)’-তে যোগাযোগ করুনঃ

  - ফোন **1-800-232-4636 (1-800-CDC-INFO)**
  - সি.ডি.সি-এর ‘ন্যাশনাল ইমুনাইজেশন প্রোগ্রাম’ ওয়েব সাইট **www.cdc.gov/nip** দেখুন

ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস

সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন

ন্যাশনাল সেন্টার ফর ইমুনাইজেশান অ্যান্ড রেসপিরেটরি ডিজিজেস্

ভ্যাকসিন ইনফরমেশন স্টেটমেন্ট ইন্টেরিম

টি.ডিএপি ভ্যাকসিন (৭/১২/০৬) U.S.C. 42 §300aa-26